

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর  
নির্বাহী প্রকৌশলীর কার্যালয়  
৬২ পশ্চিম আগারগাঁও, ঢাকা-১২০৭।  
[www.lged.gov.bd](http://www.lged.gov.bd)



শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০২.২৬০০.০০০.০৫.০০২.১৭ - ৬৯৭ন

তারিখ : ২২/৭/২০২২

বিষয় : স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের আওতায় ১২/০৭/২০২২ইং তারিখে অনুষ্ঠিত ঢাকা জেলার জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা সভার কার্যবিবরণী।

সভার তারিখ : ১২/০৭/২০২২ইং  
সময় : বিকাল ০৩.০০ ঘটিকা  
স্থান : নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, ঢাকা এর সভা কক্ষ।  
সভাপতির নাম ও পদবী : জি,এম, মুজিবুর রহমান  
নির্বাহী প্রকৌশলী  
এলজিইডি, ঢাকা।

(সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট “ক” তে দেখানো হলো)

সভাপতি মহোদয় জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, বাস্তবায়ন ও অগ্রগতি ও পরিবিক্ষন কাঠামো ২০২২-২০২৩ সুষ্ঠু বাস্তবায়নের নিমিত্তে সবাইকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতে তিনি সকলের অবগতির জন্য জানান যে, সুশাসন প্রতিষ্ঠায় আমরা দৃঢ় প্রতিজ্ঞাবদ্ধ। নাগরিকের জন্য আইনের শাসন, মৌলিক মানবাধিকার, সমতা, ন্যায় বিচার প্রতিষ্ঠান এবং রাজনৈতিক, অর্থনৈতিক ও সামাজিক অধিকার নিশ্চিতের মাধ্যমে টেকসই উন্নয়নের লক্ষ্যে একটি অপরিহার্য কৌশল হল ব্যক্তি, প্রতিষ্ঠা ও সমাজের প্রতিটি স্তরে শুদ্ধাচার প্রতিষ্ঠা করা। তিনি বলেন এলজিইডি'র সর্বস্তরের কর্মকর্তা/কর্মচারীদের ব্যক্তি, জাতীয় ও প্রাতিষ্ঠানিক পর্যায়ে শুদ্ধাচার চর্চা করতে হবে। তিনি আরোও জানান যে, সরকার ২০১২ সালে "সোনার বাংলা গড়ার প্রত্যয়ে "জাতীয় শুদ্ধাচার কৌশল শিরোনামে জাতীয় শুদ্ধাচার কৌশল প্রণয়ন করেছে। জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের নিমিত্তে মন্ত্রী পরিষদ বিভাগ কর্তৃক মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য রাষ্ট্রীয় প্রতিষ্ঠান, আওতাধীন দপ্তর/সংস্থা এবং দপ্তর/সংস্থার আওতাধীন আঞ্চলিক ও মাঠ পর্যায়ে কার্যালয় সমূহের জন্য জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২২-২৩ শীর্ষক নির্দেশনা প্রণয়ন করেছেন। সভাপতি মহোদয় নিজ নিজ অর্পিত দায়িত্ব যথাযথ পালন, জবাবদিহিতা ও দুর্নীতি মুক্ত অফিস গঠনে সকলকে সচেষ্ট থাকার অঙ্গীকার ব্যক্ত করে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা সঠিক বাস্তবায়নের নিমিত্তে নির্দেশিকায় বর্ণিত অনুচ্ছেদ মোতাবেক উপস্থাপন করার জন্য অত্র দপ্তরের সিনিয়র সহকারী প্রকৌশলী জনাব মোহাম্মদ মাসুদুর রহমান মল্লিক'কে অনুমতি প্রদান করায় তিনি বিস্তারিত আলোচনা করেন এবং আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

(চলমান পাতা)

ক্র. নং	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	সিদ্ধান্ত বাস্তবায়নে	মন্তব্য
(১)	প্রাতিষ্ঠানিক ব্যবস্থার নৈতিকতা কমিটির সভা, সুশাসন প্রতিষ্ঠানের নিমিত্তে অংশীজনের অংশগ্রহণের সভা, সেবা প্রদানের প্রকল্পের ক্ষেত্রে শুদ্ধাচার :- সামাজিক নিরাপত্তা কর্মসূচি/প্রকল্প বাস্তবায়ন বিষয়ে ও প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পরিদর্শন/পরিবীক্ষণ, ই-টেন্ডারের মাধ্যমে ক্রয়কার্য সম্পাদন, ২০২২-২০২৩ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ ও স্বচ্ছতা ও জবাবদিহি শক্তিশালীকরণ ক্ষেত্রে শাখা/অধিশাখা/অধীনস্থ অফিস পরিদর্শন বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।	(১) সভায় বিস্তারিত আলোচনাক্রমে প্রাতিষ্ঠানিক ব্যবস্থার নৈতিকতা কমিটির সভা করার জন্য সুশাসন প্রতিষ্ঠানের নিমিত্তে অংশীজনের অংশগ্রহণের সভা করার জন্য, সেবা প্রদানের প্রকল্পের ক্ষেত্রে-সামাজিক নিরাপত্তা কর্মসূচি/প্রকল্প বাস্তবায়ন অগ্রগতি করার জন্য, প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পরিদর্শন/পরিবীক্ষণ করার জন্য, ই-টেন্ডারের মাধ্যমে ক্রয়কার্য সম্পাদন করার জন্য, ২০২২-২০২৩ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ করার জন্য ও স্বচ্ছতা ও জবাবদিহি শক্তিশালীকরণ ক্ষেত্রে শাখা/ অধিশাখা/ অধীনস্থ অফিস পরিদর্শন করা সহ সভা অনুষ্ঠান করার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।	ক) সকল উপজেলা প্রকৌশলী। খ) সিনিয়র সহকারী প্রকৌশলী। গ) সহকারী প্রকৌশলী। ঘ) সহকারী প্রকৌশলী (ইজিপি)। ঙ) সহকারী প্রকৌশলী (যান্ত্রিক), এলজিইডি, অত্র দপ্তর।	

অদ্যকার সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি মহোদয় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত করেন।

(জি, এম, মুল্লিয়ার রহমান)

নির্বাহী প্রকৌশলী

ফোন: ৪৮১১২৫৫৯ (অফিস)

e-mail: xen.dhaka@lged.gov.bd.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ-

- ১। প্রধান প্রকৌশলী, এলজিইডি,এলজিইডি ভবন,আগারগাঁও, শেরেবাংলা নগর ঢাকা-১২০৭।
- ২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, এলজিইডি, ঢাকা বিভাগ, ৬২, পশ্চিম আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
- ৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (প্রশাসন), এলজিইডি, এলজিইডি ভবন, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
- ৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এলজিইডি, ঢাকা অঞ্চল, ৬২ পশ্চিম আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
- ৫। সিনিয়র সহকারী প্রকৌশলী, নির্বাহী প্রকৌশলীর দপ্তর, এলজিইডি, ৬২, পশ্চিম আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
- ৬। উপজেলা প্রকৌশলী, উপজেলা- ধামরাই, নবাবগঞ্জ, দোহার, সাভার, কেরানীগঞ্জ, জেলা-ঢাকা।
- ৭। সহকারী প্রকৌশলী, নির্বাহী প্রকৌশলীর দপ্তর, এলজিইডি, ৬২, পশ্চিম আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
- ৮। সরকারী প্রকৌশলী (ই-জিপি), এলজিইডি, ৬২, পশ্চিম আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
- ৯। অফিস কপি।